কালের কণ্ঠ
তারিখ ... 06 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# ভ্যাট প্রত্যাহারের দাবিতে মিরপুরে সড়ক অবরোধ

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ফিয়ের ওপর সাড়ে সাত শতাংশ ভ্যাট প্রত্যাহারের দাবিতে রাজধানীর মিরপুর রোকেয়া সরণি অবরোধ করেছে গ্রিন ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। গতকাল বুধবার দুপুর ২টার দিকে মিরপুর এলাকার তালতলা ও শেওড়াপাড়ার মাঝখানে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে। এ সময়ে ভ্যাট প্রত্যাহারের দাবিতে নানা স্লোগান দেয় শিক্ষার্থীরা। এতে ওই এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। পরে বিকেল পৌনে ৩টার দিকে অবরোধ প্রত্যাহার করে নেয় শিক্ষার্থীরা। গ্রিন ইউনিভার্সিটির শিক্ষার্থীরা জানিয়েছে, আজ বৃহস্পতিবার সকালে প্রেসক্লাবের সামনে সমবেত হবে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সেখানে ভ্যাট আরোপের প্রতিবাদে বিক্ষোভ ও প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেবে তারা। এরপর রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি দেওয়া হবে।